তারিখ 21 SEP 1990
পৃষ্ঠা ৫ কলাম ২

দৈনিক সংবাদ

০৪

# কুমিল্লা বোর্ডের আড়াই হাজার এসএসসি পরীক্ষার্থীর ফল প্রকাশিত হয়নি

॥নূরুর রহমান॥

কুমিল্লা, ১৯শে সেপ্টেম্বর।– এবারের এসএসসি পরীক্ষায় কুমিল্লা বোর্ডে ২ হাজার ৭শ' ৪৭ জন পরীক্ষার্থীর ফল প্রকাশ করা হয়নি। ফলাফল স্থগিত ঘোষিত এইসব পরীক্ষার্থী প্রতিদিন ভিড় জমাচ্ছেন বোর্ড প্রাঙ্গণে, কি কারণে তাদের ফল ঘোষণা স্থগিত রাখা হয়েছে তা জানার জন্য।

বোর্ডের একজন কর্মকর্তা জানান, যেসব পরীক্ষার্থীর ফল স্থগিত রাখা হয়েছে তাদের স্থগিত রাখার কারণ জানিয়ে চিঠি দেয়া হবে। এইসব পরীক্ষার্থী যে বিদ্যালয় থেকে পরীক্ষায় অংশ নিয়েছে সেসব বিদ্যালয়ের প্রধান শিক্ষককেও চিঠি দেয়া হবে। পরীক্ষার্থী ও প্রধান শিক্ষক তাদের ব্যাখ্যা বোর্ডে প্রেরণ করলে তা সিদ্ধান্ত গ্রহণের জন্য শৃংখলা বিধান কমিটির কাছে প্রেরণ করা হবে। এই কমিটি সিদ্ধান্ত নেবেন ফলাফল বাতিল হবে না ঘোষণা করা হবে। শৃংখলা বিধান কমিটি তাদের সিদ্ধান্ত আগামী বছরের এসএসসি পরীক্ষার 'ফরম ফিলাপের' আগে দেবেন। ফলে এই ২ হাজার ৭শ' ৪৭ জন পরীক্ষার্থীর ভবিষ্যৎ এখন অনিশ্চিত।

বোর্ডের কর্মকর্তাটি জানান, সাধারণ ভুল রেজিস্ট্রেশন, ভুয়া রেজিস্ট্রেশন, বোর্ডের অনুমতি ছাড়া ছাড়পত্র প্রদান, পরীক্ষার ফরমে উল্লেখিত বিষয়ের বাইরে পরীক্ষা দেয়া, পরীক্ষার জন্য নির্ধারিত বয়সসীমা না হওয়া এইসব অনিয়মের কারণে ফলাফল স্থগিত রাখা হয়। এসএসসি পরীক্ষার্থীর নির্ধারিত বয়সসীমা হচ্ছে ১৪ বছর ৬ মাস। পরীক্ষার্থীর বয়স এর কম হলে ফলাফল স্থগিত রাখা হয়।

জেলাওয়ারী ফলাফল স্থগিত পরীক্ষার্থীর সংখ্যা হচ্ছে ঃ কুমিল্লা ৮শ' ৬৮, সিলেট ৩শ' ৭২, হবিগঞ্জ ১৫, মৌলবীবাজার ৪৩, সুনামগঞ্জ ৭১, নোয়াখালী ২শ' ৪, লক্ষ্মীপুর ১শ' ২৪, ফেনী ৬০, চট্টগ্রাম ৪শ' ৫৫, কক্সবাজার ৯৯, রাঙ্গামাটি ৪০, খাগড়াছড়ি ৭৮, বান্দরবান ১৩, চাঁদপুর ২শ' ও ব্রাহ্মণবাড়িয়া ১শ' ৪৫।

## ৪ হাজার ৬শ' ৭৭ জন পরীক্ষার্থী বহিষ্কৃত

কুমিল্লা বোর্ডের এবারের এসএসসি পরীক্ষায় নকল করার দায়ে ৪ হাজার ৬শ' ৭৭ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে। জেলাওয়ারী বহিষ্কৃত পরীক্ষার্থীর সংখ্যা হচ্ছেঃ কুমিল্লা ১ হাজার ৬শ' ৯৯, সিলেট ১শ' ৮৭, হবিগঞ্জ ৮০, মৌলবীবাজার ১শ' ২৩, সুনামগঞ্জ ৭১, নোয়াখালী ৭শ' ৫২, লক্ষ্মীপুর ১শ' ১৪, ফেনী ৩শ' ৩২, চট্টগ্রাম ৩শ' ২৫, কক্সবাজার ৬২, রাঙ্গামাটিতে ৫৬, খাগড়াছড়ি ৩৫, বান্দরবান ১৩, চাঁদপুর ৩শ' ৫৩ ও ব্রাহ্মণবাড়িয়া ৩শ' ৮১।

## যে কেন্দ্র থেকে সব পরীক্ষার্থীই বহিষ্কৃত

খাগড়াছড়ি জেলার রোয়াংছড়ি কেন্দ্র থেকে বিজ্ঞান বিভাগে ৩ জন পরীক্ষার্থী অংশ নেয়। নকল করার দায়ে এই ৩ জনই বহিষ্কৃত হয়।

একই জেলায় আলীকদম কেন্দ্রে মানবিক বিভাগ থেকে কোন পরীক্ষার্থীই উত্তীর্ণ হতে পারেনি। এই কেন্দ্রে মানবিক বিভাগের ১১ জন পরীক্ষার্থীর মধ্যে ১ জন বহিষ্কৃত এবং বাকী ১০ জন পরীক্ষায় অকৃতকার্য হয়।

## ২০ হাজার কম্পার্টমেন্টাল পরীক্ষার্থী

এবারের এসএসসি পরীক্ষায় কুমিল্লা বোর্ডে ২০ হাজার ৮৭ জন পরীক্ষার্থী কম্পার্টমেন্টাল পেয়েছে। শুধুমাত্র কুমিল্লা জেলায় কম্পার্টমেন্টালপ্রাপ্ত পরীক্ষার্থীর সংখ্যা ৩ হাজার ৯শ' ২। ১লা নভেম্বর প্রতিটি জেলা সদরে এই কম্পার্টমেন্টাল পরীক্ষা অনুষ্ঠিত হবে। বেশীরভাগ পরীক্ষার্থী কম্পার্টমেন্টাল পেয়েছে ইংরেজী, গণিত ও উচ্চতর গণিত বিষয়ে। এছাড়া বাংলা, সাধারণ বিজ্ঞান, সমাজ বিজ্ঞান, ভূগোল, ইসলাম ধর্ম ও বাণিজ্য গণিত বিষয়েও অনেক পরীক্ষার্থী কম্পার্টমেন্টাল পেয়েছে।

## মেধা তালিকায় পরীক্ষার্থীর বদলে পিতার নাম

মেধা তালিকায় পরীক্ষার্থীর নামের পরিবর্তে ছাপা হয়েছে পরীক্ষার্থীর পিতার নাম। ঘটনাটি ঘটেছে কুমিল্লা বোর্ডের সদ্য প্রকাশিত এসএসসি পরীক্ষায়।

নোয়াখালী জেলার নোয়াল্লই ইউনিয়ন উচ্চ বিদ্যালয়ের ছাত্র মোহাম্মদ আবু জাহের (রোল নোয়াখালী নং ৩৪৫) মানবিক বিভাগে মেধা তালিকায় দ্বিতীয় স্থান লাভ করে। কিন্তু বোর্ডের ফলাফলে আবু জাহেরের নাম ছাপা না হয়ে ছাপা হয়েছে তার পিতা মোহাম্মদ আবু তাহেরের নাম।

বোর্ডের একজন কর্মকর্তা জানিয়েছেন, মেধা তালিকা প্রস্তুতের দায়িত্বে নিয়োজিত কর্মকর্তার ভুলে এটা হয়েছে।